



# দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম (ডি.এম.এফ.)

ট্রেড ইউনিয়ন রেজিঃ নং - ২০৪৭৪/৯২ এন.এফ.এফ. অনুমোদিত

প্রধান কার্যালয় - ২০/৪ শিল লেন, কলকাতা - ৭০০০১৫; ফোন ও ফ্যাক্স - ০৩৩-২৩২৮৩৯৮৯ ই-মেল : [dmfwestbengal@gmail.com](mailto:dmfwestbengal@gmail.com)

নং: ডি.এম.এফ./প্রজ/১২/২১

৫ই এপ্রিল, ২০২১

মৎস্য অধিকর্তা,

পশ্চিমবঙ্গ সরকার।

সেক্টর ৫, সল্টলেক, কলকাতা-৭০০০৯১

বিষয়: মৎস্যজীবীদের জন্য দুর্ঘটনা বিমা প্রত্যাহার

মাননীয় মহাশয়া,

দুর্ঘটনায় মৃত দরিদ্র মৎস্যজীবীদের অসহায় বিধবা ও পরিবারের অন্যান্য সদস্যদের সরকারি দুর্ঘটনা বিমা রাশির জন্য আবেদন মৎস্য দপ্তর প্রত্যাখ্যান করায় তার কারণ জানার জন্য তথ্য জানার আইন মোতাবেক আবেদনের উত্তরে [Memo No. RTI/ O (RTI/KOL/01/12) Dt. 28/01/2021] আপনার দপ্তরের রাজ্য তথ্য আধিকারিক তথা প্রশাসনিক আধিকারিক জানান যে মৎস্যজীবীদের জন্য সরকারি দুর্ঘটনা বিমা প্রকল্পটি ১০.১২.২০১৭ থেকে বন্ধ হয়ে আছে।

মৎস্য শিকার একটি বিপজ্জনক পেশা। দুর্ঘটনায় মৃত দরিদ্র মৎস্যজীবীর অসহায় বিধবা ও পরিবারের অন্যান্য সদস্যরা সরকারি দুর্ঘটনা বিমার মাধ্যমে স্বল্প কিন্তু অত্যন্ত প্রয়োজনীয় আর্থিক সহায়তা লাভ করতেন। এই সহায়তার রাশি শেষ পর্যন্ত ২ লক্ষ টাকা হয়েছিল। বর্তমানে প্রধানমন্ত্রী মৎস্য সম্পদ যোজনায় এটি ৫ লক্ষ টাকা করার প্রস্তাব দেওয়া হয়েছে। অথচ পশ্চিমবঙ্গের মৎস্যজীবীরা তিন বছরের উপর দুর্ঘটনা বিমা থেকে সম্পূর্ণ বঞ্চিত হয়ে আছেন।

অত্যন্ত পরিতাপের বিষয় এই যে সুদীর্ঘ তিন বছরের মধ্যে মৎস্য দপ্তর বা রাজ্য সরকার এই বিষয়ে এমন কোন পদক্ষেপ নেয় নি যাতে দুর্ঘটনায় মৃত দরিদ্র মৎস্যজীবী পরিবারগুলি অত্যন্ত প্রয়োজনীয় আর্থিক সহায়তা পেতে পারে। আমরা অত্যন্ত দুঃখের সাথে বলতে বাধ্য হচ্ছি যে এটি মৎস্য দপ্তর তথা সরকারের তরফে শুধু সাংঘাতিক দায়িত্বহীনতা নয়, চরম হৃদয়হীনতার নিদর্শন।

দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম দাবি করছে -

- দুর্ঘটনায় মৃত দরিদ্র মৎস্যজীবীদের বিধবা বা পরিবারদের অবিলম্বে ৫ লক্ষ টাকা ক্ষতিপূরণ দিতে হবে।
- দুর্ঘটনায় মৃত দরিদ্র মৎস্যজীবীদের বিধবা বা পরিবারের সমস্ত বকেয়া আবেদন অবিলম্বে বিবেচনা করতে হবে এবং ক্ষতিপূরণ দিতে হবে।

কার্যকরী ও দ্রুত পদক্ষেপের প্রত্যাশায় -

আপনার বিশ্বস্ত,

প্রদীপ চ্যাটার্জী,

সভাপতি,

দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম

Co-ordinator  
Directorate of Fisheries, W.B.  
Meen Bhaban  
31, G. N. Block, Sec V  
Salt Lake, Kol 91